

পাসের হারে শীর্ষে মাদ্রাসা

■ সমকাল প্রতিবেদক
এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় ফল বিপর্যয়ের মধ্যেও বাড়িক্রম মাদ্রাসা শিক্ষা বোর্ডে আটটি সাধারণ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডে সম্মিলিত পাসের হার যখন ৬৯ দশমিক ছয়, তখন মাদ্রাসায় পাসের হার ৯০ দশমিক এক নয়। তবে এই বোর্ডে জিপিএ ৫ প্রাপ্তির হার অন্যান্য বোর্ডের তুলনায় অনেক কম। চলতি বছর মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৮৪ হাজার ৩৮৮ শিক্ষার্থীর মধ্যে ৭৪ হাজার ৪৬১ জন পাস করেছেন। জিপিএ ৫ পেয়েছেন ১ হাজার ৪৩৫ জন। মাদ্রাসায় মেয়েদের তুলনায় ছেলেরা সামান্য এগিয়েছে। মেয়েদের পাসের হার ৯০ দশমিক শূন্য সাত। ছেলের পাসের হার ৯০ দশমিক দুই নয়।
বিজ্ঞানের শিক্ষার্থীরা সাধারণ বিভাগের শিক্ষার্থীদের চেয়ে ভালো ফল করেছেন। বিজ্ঞানে পাসের হার ৯৪ দশমিক সাত এক। ৫ হাজার হাজার ৬৭১ পরীক্ষার্থীর ৪০৫ জন জিপিএ ৫ পেয়েছেন। সাধারণ বিভাগের পাসের হার ৮৯ দশমিক আট সাত। ৭৮ হাজার ২১২ পরীক্ষার্থীর ৬৮ হাজার ৭১৬ জন পাস করেছেন। এই বিভাগের পাসের হারে ছেলে-মেয়ে সমানে সমান। তবে বিজ্ঞানে পাসে ছেলের চেয়ে মেয়েরা এগিয়ে।